গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৭.০০০০.০২১.০৩.০২০.২০২৬- ৭৮৬

তারিখ: ০৬ বৈশাখ ১৪৩৩
১৯ এপ্রিল ২০২৬

**বিষয়ঃ রিজার্ভ গার্ডের জন্য যুগোপযোগী জনবল বৃদ্ধির জন্য মতামত প্রেরন প্রসঙ্গে।**

সূত্রঃ কারা অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৪.০০০০.০০২.০২.০০৪.২৬-০৯ তারিখ: ১৫/০২/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও বরাতোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৫ আগস্ট/২৪ পরবর্তী বাংলাদেশের বিভিন্ন কারাগারে বহিরাগত সন্ত্রাসী/আন্দোলনকারী জনতা কর্তৃক প্রায় ১৮টি কারাগার এর ভিতরে ও বাহিরে অগ্নী সংযোগ, ভাংচুর, অস্ত্রাগার থেকে অস্ত্র লুট এবং কারা কর্মকর্তা-কর্মচারীদের উপরও মারধরসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকান্ডের ঘটনা ঘটে। তৎপ্রেক্ষিতে এসংক্রান্ত তদন্তে কারাগারের বিভিন্ন প্রশাসনিক ও নীতিগত ত্রুটি বিচ্যুতি উঠে আসে। যার কারণে কারাগারের রিজার্ভগার্ডের জন্য যৌক্তিক সংখ্যক রিজার্ভগার্ডের সংখ্যা নির্ধারণ করার নিমিত্তে একটি কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক সকল কারাগারের রিজার্ভ গার্ডের জন্য যুগোপযোগী জনবল বৃদ্ধির প্রস্তাবনা দাখিল করেন।

উক্ত প্রস্তাবনাটি যথাযথ ও যুগোপযোগী কিনা এ বিষয় আপনার মতামত আগামী ৩০/০৪/২০২৬ তারিখের মধ্যে এত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তঃ প্রস্তাবনা---০৩(তিন) পাতা।


১৯.৪.২৬
আবুল বাশার
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।
aig.adm@prison.gov.bd


কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

০১. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
০২. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
০৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
০৪. জেল সুপার, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
০৫. জেলার, অপারেশন/সদর দপ্তর (সংস্থাপন), কারা অধিদপ্তর, ঢাকা।
০৬. প্রশাসনিক কর্মকর্তা (সকল)/বাজেট অফিসার, পরিসংখ্যানবিদ/স্টাফ অফিসার/ডেপুটিজেলার (প্রশাসন/উন্নয়ন/আইন/ প্রশিক্ষণ), কারা অধিদপ্তর, ঢাকা।
০৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
০৮. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
০৯. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল) ও কারা উপ মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
১০. গার্ড ফাইল।

## দেশের সকল কেন্দ্রীয় ও জেলা কারাগারে রিজার্ভ গার্ডের জন্য যুগোপযোগী জনবল বৃদ্ধির প্রস্তাবনাঃ

**ভূমিকাঃ** ২০২৪ সালের জুলাই মাস থেকে বৈষম্য বিরোধী আন্দোলন শুরু হওয়ায় ১৯ জুলাই বিকাল ০৪:০০ ঘটিকার সময় নরসিংদী জেলা কারাগার আন্দোলনকারীদের দ্বারা আক্রান্ত হয়ে কারাগারের ভিতর ও বাহিরের বিভিন্ন স্থাপনায় অগ্নিসংযোগ, ভাংচুর, অস্ত্রাগার থেকে অস্ত্র ও গোলাবারুদ লুটতরাজ হয়। নরসিংদী জেলা কারাগারে আটক সকল বন্দি পলায়ন করতে বা ছিনিয়ে নিতে সক্ষম হয়। কারাগারের সরকারী সম্পত্তি ও কারা কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত সম্পদের ব্যাপক ক্ষতি সাধিত হয়। এরই ধারাবাহিকতায় শেরপুর, সাতক্ষীরা, জামালপুর, কুষ্টিয়া, কাশিমপুর হাইসিকিউরিটি, চট্টগ্রাম, রাজশাহী, সিলেটসহ মোট ১৭ টি কারাগার একই প্রকারে আক্রান্ত হয়।

জনতার দ্বারা বহিঃআক্রমণের সাথে কারাভ্যন্তর থেকে ও বন্দিরা বিদ্রোহ ঘটিয়ে পলায়ন করতে সক্ষম হয়। কারাগারের কর্মকর্তা/কর্মচারীগণ পূর্বে কখনো ও এমন ঘটনার সম্মুখীন হয় নাই। ২০২৪ সালের বৈষম্যবিরোধী আন্দোলনের সময় ঘটে যাওয়া বহিঃআক্রমণ সম্পর্কে কারাগারের কোন কর্মকর্তা/কর্মচারী কল্পনাও করতে পারেন নাই যার কারনে কারা কর্তৃপক্ষের কোন পূর্ব প্রস্তুতি ছিলনা। ১৮ জুলাই ঘটনা পরবর্তী বৈষম্য বিরোধী আন্দোলন চলাকালীন সময়ে কারা কর্মকর্তা/কর্মচারীগণ নিরাপত্তাহীনতায় ভূগতে শুরু করেন।

দেশের সকল কারাগারে রিজার্ভ গার্ড কারাবিধি ১ম খন্ডের ৩৪৮ মোতাবেক যথাযথ সংখ্যায় মোতায়েনের নির্দেশ থাকলেও অধিকাংশ কারাগারেই রিজার্ভ গার্ড কারাবিধি মোতাবেক মোতায়েন থাকে না। কারাগারে জনতার বহিঃআক্রমন রোধে বিদ্যমান রিজার্ভ গার্ডের কার্যপরিধি ও সংখ্যা বৈষম্যবিরোধী আন্দোলনের সময় কারাগার আক্রমণের প্রেক্ষাপটে অপ্রতুল প্রতিয়মান হওয়ায় বর্তমান নিরাপত্তা ব্যবস্থার প্রয়োজনীয়তা পর্যালোচনা করে কারা বিধি মোতাবেক দেশের সকল কেন্দ্রীয় ও জেলা কারাগারে রিজার্ভ গার্ডের জন্য যুগোপযোগী জনবল বৃদ্ধির একটি প্রস্তাবনা প্রস্তুত করার নিমিত্তে কারা অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৪.০০০০.০২১.০১.০১১.২৫-২০৬৮, তারিখ ১৫.১২.২০২৫ খ্রিঃ মোতাবেক নিম্নোক্ত কমিটি গঠন করা হয়।

১) কর্নেল মোঃ তানভীর হোসেন, অতিরিক্ত কারা মহাপরিদর্শক (অপারেশন ও উন্নয়ন)----সভাপতি
২) জনাব অসীম কান্ত পাল, কারা উপ-মহাপরিদর্শক, বরিশাল বিভাগ------------------------সদস্য
৩) জনাব শেখ মোঃ মহিউদ্দিন হায়দার, জেল সুপার, মাগুরা জেলা কারাগার---------------- সদস্য
৪) জনাব মোঃ আনোয়ার হোসেন, জেল সুপার, গাইবান্ধা জেলা কারাগার------------------ সদস্য
৫) জনাব অর্পন চৌধুরী, জেলার (ভারপ্রাপ্ত), কুমিল্লা কেন্দ্রীয় কারাগার---------------- সদস্য সচিব

### বিদ্যমান রিজার্ভ গার্ডঃ

**১।** কারা বিধি ১ম খন্ডের ৩৪৮ বিধি অনুযায়ী রিজার্ভ গার্ডের সংখ্যা ও কাজসমুহঃ

ক। **সংখ্যা।**

(১) জেলা কারাগার। প্রধান কারারক্ষী ০১ জন, কারারক্ষী ০৬ জন (০৭ জন)।
(২) কেন্দ্রীয় কারাগার। প্রধান কারারক্ষী ০২ জন, কারারক্ষী ১৫ জন (১৭ জন)।

খ। **কাজ।**

(১) স্ট্যান্ডবাই ফোর্স হিসাবে সর্বদা আপদকালীন সময়ে বন্দী বিদ্রোহ/কারাভ্যন্তরে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত থাকা। (কারাবিধি-৩৪৯)
(২) আপদকালীন সময়ে ২ জন রুফসেন্ট্রি হিসাবে মোতায়েন। (কারাবিধি-৩৬৭)
(৩) কারাগারের মুলফটকে দিনে এবং রাতে ২ জন। (কারাবিধি-৩৪০)
(৪) পরিদর্শকগনের স্কট রিজার্ভ গার্ড থেকে দেয়া হবে যা কেন্দ্রীয় কারাগারে ৪ জন এবং জেলা কারাগারে ২ জন। (কারাবিধি-৬৭)

গ। **বিবিধ।** তালামুক্ত হতে তালাবন্ধ পর্যন্ত উক্ত সংখ্যক রিজার্ভ গার্ড দায়িত্ব পালন করলে ও তালাবন্ধের পর শুধু মাত্র সেন্ট্রি হিসেবে বেশীর ভাগ কারাগারে ০২ জন সশস্ত্র কারারক্ষী কোন কোন কারাগারে ১ জন দায়িত্ব পালন করে থাকে, যা কারাগারের নিরাপত্তার জন্য খুবই অপ্রতুল।

**রিজার্ভ গার্ডের প্রস্তাবনা**

২। ১৮৬৪ সালে প্রনয়নকৃত কারা বিধি মোতাবেক রিজার্ভ গার্ডের সংখ্যা ও কাজ বর্তমানের প্রেক্ষাপটে অত্যন্ত অপ্রতুল। এছাড়া আপদকালীন পরিস্থিতিতে বিশেষ করে বন্দী বিদ্রোহ ও বহিঃআক্রমণে রিজার্ভ গার্ডের মোতায়েন একটি গুরুত্বপূর্ণ বিষয় যার আদেশ ও নিয়ন্ত্রণ একজন অফিসারের উপর ন্যাস্ত থাকা প্রয়োজন। রিজার্ভ গার্ডের সংখ্যা মূলত এর কাজ, কারাগারের বন্দী সংখ্যা, এবং আপদকালীন পরিস্থিতি বিবেচনায় নিয়ে নির্ধারণ হওয়া বাঞ্ছনীয়।

ক। **প্রস্তাবিত কাজ সমুহ।**

(১) স্ট্যান্ডবাই ফোর্স হিসাবে সর্বদা আপদকালীন সময়ে বন্দী বিদ্রোহ/কারাভ্যন্তর এবং বহিঃআক্রমনে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত থাকা।

(২) আপদকালীন সময়ে প্রয়োজনে অতিরিক্ত ব্লুফসেন্ট্রি হিসাবে মোতায়েন।

(৩) কারাগারের মুলফটকে দিনে এবং রাতে ১ জন সেন্ট্রি হিসাবে দায়িত্ব পালন।

(৪) কারাগারের অভ্যন্তরে যে কোন একটি ওয়াচ টাওয়ারে সেন্ট্রি হিসাবে দায়িত্ব পালন।

(৫) আপদকালীন সময়ে অস্ত্রাগারের সুরক্ষা প্রদান।

(৬) কারাবিধি মোতাবেক পরিদর্শকগনের স্কট প্রদান ।

বন্দী বিদ্রোহের চেয়ে বহিঃআক্রমণ প্রতিরোধে রিজার্ভ গার্ডের সংখ্যা অধিক থাকা শ্রেয়, তবে এত অধিক জনবল সর্বদা স্ট্যান্ডবাই রাখা বাস্তবসম্মত ও যুক্তিযুক্ত নয়। বহিঃআক্রমণ মোকাবেলার ক্ষেত্রে আক্রমনের পূর্বাভাস পেয়ে নির্দিষ্ট রিজার্ভ গার্ডের পাশাপাশি শক্তি বৃদ্ধির জন্য অতিরিক্ত আইন শৃঙ্খলা রক্ষাকারি বাহিনী নিয়োজিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ। **কারাগারের ধরণ ও রিজার্ভ গার্ডের সংখ্যা।**

(১) ধরন-ক (বন্দীর সংখ্যা ৫০০০ এর অধিক): রিজার্ভ গার্ড ৫০ জন ।

(২) ধরন-খ (বন্দীর সংখ্যা ৩০০০ এর অধিক): রিজার্ভ গার্ড ৪০ জন ।

(৩) ধরন-গ (বন্দীর সংখ্যা ২০০০ এর অধিক): রিজার্ভ গার্ড ৩০ জন ।

(৪) ধরন-ঘ (বন্দীর সংখ্যা ১০০০ এর অধিক): রিজার্ভ গার্ড ২০ জন ।

(৫) ধরন-ঙ (বন্দীর সংখ্যা ১০০০ এর কম): রিজার্ভ গার্ড ১৫ জন ।

গ। **রিজার্ভ গার্ডের গঠন।**

| ক্রমিক | রিজার্ভ গার্ডের সংখ্যা | কমান্ডার | সর্ব প্রধান কারারক্ষী | প্রধান কারারক্ষী | সহকারী প্রধান কারারক্ষী | কারারক্ষী / মহিলা কারারক্ষী |
|---|---|---|---|---|---|---|
| ১ | **১৫** | সর্ব প্রধান কারারক্ষী | ১ | ১ | ৩ | ১০ |
| ২ | **২০** | সর্ব প্রধান কারারক্ষী | ১ | ১ | ৩ | ১৫ |
| ৩ | **৩০** | ডেপুটি জেলার | ১ | ৩ | ৪ | ২২ |
| ৪ | **৪০** | ডেপুটি জেলার | ১ | ৪ | ৬ | ২৯ |
| ৫ | **৫০** | ডিএস/ জেলার | ১ | ৬ | ৮ | ৩৫ |

** আপদকালীন সময়ে বর্ণিত কমান্ডারগণ রিজার্ভ গার্ডের সার্বিক মোতায়েন এবং আদেশ ও নিয়ন্ত্রণের ব্যাপারে এককভাবে দায়িত্বে থাকবেন।

alkp

ঘ। **রিজার্ভ গার্ডের দল গঠন।** রিজার্ভ গার্ড কমান্ডার প্রয়োজন/পরিস্থিতি বিবেচনায় উপদল ও দলের সদস্য সংখ্যা নির্ধারণ করবেন।

(১) অস্ত্রাগার সুরক্ষা দল।

(২) ব্লুফসেন্ট্রি শক্তি বৃদ্ধিকারী দল।

(৩) বিদ্রোহ দমন দলঃ

(ক) শিল্ড দ্বারা সুরক্ষা/বাধাদানকারী উপদল।

(খ) লাঠি চার্জ করে ছত্রভঙ্গকারী উপদল।

(গ) আগ্নেয়াস্ত্র ব্যবহারকারী উপদল।

ঙ। **অবস্থান**। রিজার্ভ গার্ডের জন্য নির্ধারিত স্থান/রুম।

প্রস্তাবিত সংখ্যক রিজার্ভ গার্ড দ্বারা কারাগারের বন্দী বিদ্রোহ/কারাভ্যন্তর এবং বহিঃআক্রমণে নিরাপত্তা বজায় রাখা সম্ভব হবে মর্মে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| ১০/২/২৬ | ১০/২/২৬ | ১০/২/২০২৬ | ১০/০২/২০২৬ | 10/02/26 |
| অর্পন চৌধুরী<br>জেলার (ভারপ্রাপ্ত)<br>(সদস্য সচিব)<br>কুমিল্লা কেন্দ্রীয় কারাগার। | মোঃ আনোয়ার হোসেন<br>জেল সুপার<br>(সদস্য)<br>গাইবান্ধা জেলা কারগার। | শেখ মোঃ মহিউদ্দিন হায়দার<br>জেল সুপার<br>(সদস্য)<br>মাগুরা জেলা কারাগার। | অসীম কান্ত পাল<br>কারা উপ-মহাপরিদর্শক<br>(সদস্য)<br>বরিশাল বিভাগ। | কর্নেল মোঃ তানভীর হোসেন<br>অতিরিক্ত কারা মহাপরিদর্শক<br>(অপারেশন ও উন্নয়ন)<br>(সভাপতি)<br>কারা অধিদপ্তর, ঢাকা। |